# পাথরের কোনো নিজস্ব ভাষা নেই

কৃষ্ণ ধর

ত্রাণশিবির থেকে উঠে আসছে
নজরবন্দি অসহায় মানুষের কান্না
পায়ে হেঁটে পার হয়ে এসেছে তারা দেশ দেশান্তর
তাদে কাচে সময়ের কোনো হিসেবনিকেশ নেই
কখনো হিম মাথায় করে কখনো নির্মম রৌদ্রবেলায়
দূরদুর্গম পথের সন্ত্রাসী চোখ এড়িয়ে
তাড়া খাওয়া পশুর মতো নিরাপত্তার সন্ধ্যানে।
তারা জানেনা কোথায় গেলে পাবে আশ্রয়
পাষাণ প্রাচীরে আছড়ে পড়ছে ভয়ার্তের হাহাকার
কোথায় আমাদে জন্মভূমি ?
তার কোনো উত্তর খুঁজে পায় না
তুমিই না একদিন দুন্দুভবি বাজানো উৎসবে
বলেছিলে, সবুর সুদিন এল বলে
দেখিয়েছিলে সোনামুখী দিনের অলীক স্বপ্ন
তোমার কথাগুলো এই বেওয়ারিশ মানুষদের বুকেট
পাথর হয়ে চেপে বসে আছে।
হিম কঠিন পাথরের কোনো হৃদয় নেই
তার কোনো নিজস্ব ভাষাও নেই।
পোসাক বদল করে হরবোলার কন্ঠস্বরে
তুমি এখন এক বিচিত্র ঐকতানের মহড়া দিচ্ছো
তার স্বরলিপির ছকটাও তোমারই নিপুণ হাতে তৈরি।
পাথরের কোনো নিজস্ব ভাষা নেই।